



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, মাগুরা
www.cooperative.magura.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন,
সমবায় উন্নয়ন

নম্বর: ৪৭.৬১.৫৫০০.০০০.০৬.০০৪.১৯.১৯৯৪

২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাগুরা জেলার সমবায় বিভাগের নভেম্বর/২০২৩খ্রি. মাসের বিভাগীয় মাসিক সভার নোটিশ প্রেরণ।

মাগুরা জেলার সমবায় বিভাগের নভেম্বর/ ২০২৩খ্রি. মাসের বিভাগীয় মাসিক সমন্বয় সভা আগামী ১৯/১২/২০২৩খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ টায় মাগুরা জেলার উপজেলা সমবায় কর্মকর্তা, পরিদর্শক, প্রশিক্ষক ও সহকারী পরিদর্শকদের সমন্বয়ে জেলা সমবায় কার্যালয়, মাগুরাতে অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩। আলোচ্য সূচি মোতাবেক উক্ত সভার কার্যপত্র (স্ব-স্ব দপ্তরের ওয়েব সাইট সমূহের কনটেন্ট হালনাগাদকরণের তথ্যসহ) এবং অগ্রগতি প্রতিবেদন আগামী ১৪/১২/২০২৩খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো।

আলোচ্য সূচিঃ

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত।
০৩. সমবায় সমিতি সমূহের অডিট অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তি ও অডিট প্রতিবেদনের উপর ব্যবস্থা গ্রহণ।
০৪. অডিট ফি ধার্য ও আদায় অগ্রগতি।
০৫. সমবায় উন্নয়ন তহবিল ধার্য ও আদায়।
০৬. অকার্যকর সমবায় সমিতিতে কার্যকর/অবসায়ন/নিবন্ধন বাতিল কার্যক্রমের অগ্রগতি।
০৭. আশ্রয়ণ, আশ্রয়ণ(ফেইজ-২)/ আশ্রয়ণ- ২ (সম্প্রসারণ) ও গুচ্ছাকারে নির্মিত আশ্রয়ণ প্রকল্প।
০৮. উন্নত জাতের গাভীপালন প্রকল্প ও দুগ্ধ ঘাটতি প্রকল্প সংক্রান্ত।
০৯. সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠান ও বার্ষিক সাধারণ সভা।
১০. বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা সমবায় সমিতি সংক্রান্ত।
১১. কৃষিপূর্ণ এবং আমানত সংগ্রহকারী সমবায় সমিতি সংক্রান্ত।
১২. ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত।
১৩. মাগুরা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিঃ এর ঋণ এবং অন্যান্য কার্যক্রম সংক্রান্ত।
১৪. বিবিধ।

১৩-১২-২০২৩
মোঃ ফরিদুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, মাগুরা কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ;
- ২। উপজেলা সমবায় অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা। এবং
- ৩। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

